

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

স্মারক নং ৫১.০১.১৯১৫.০০০.৪২.০০৪.২১- ৭৬২

তারিখ: ২৯.০৯.২০২১খ্রি।

বিষয়: চলতি ২০২১-২০২২ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে উন্নয়ন খাতে ১ম কিস্তির (২০% সংরক্ষিত) সহ নগদ অর্থ (টাকা) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.২৩৪.২১-৩১০ তারিখ: ২০.০৯.২০২১খ্রি।

২। জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৬৪২ তারিখ: ২৩.০৯.২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে উন্নয়ন খাতে ১ম কিস্তির (২০% সংরক্ষিত) সহ বরাদ্দকৃত নগদ অর্থ = ১৮,২৮,৫৩৪.২২ (আঠারো লক্ষ আটশ হাজার পাঁচশত চৌত্রিশ দশমিক দুই দুই) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ হতে ২০% সংরক্ষিত সহ বরাদ্দকৃত টাকা ০৮ টি ইউনিয়নে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা)	মন্তব্য
০১	মাধবপুর	২,৫৭,০৭০/-	
০২	শিদলাই	১,৭৮,০১৫/-	
০৩	চান্দলা	১,৬১,৭৩৮/-	
০৪	শশীদল	২,৭৯,৪০৫/-	
০৫	দুলালপুর	১,৫০,৮৪৫/-	
০৬	ব্রাহ্মণপাড়া	১,৭৬,০৯৫/-	
০৭	সাহেবাবাদ	১,৩৯,৬৫০/-	
০৮	মালাপাড়া	১,২০,০১৬/-	
০৯	উপজেলা পরিষদ সংরক্ষিত (২০%)	৩,৬৫,৭০০/-	
	মোট=	১৮,২৮,৫৩৪/২২	

বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) প্রকল্প বাস্তবায়ন কমিটি ইউনিয়ন পরিষদের রেজুলেশন সহকারে আগামী ৩০/০৯/২০২১খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- ০১। ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১.০১.২০২২ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।
- ০২। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০৩। এ বরাদ্দের নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) দ্বারা বাঁধ ও রাস্তা রক্ষণাবেক্ষণ।
- ০৪। এ বরাদ্দের নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) দ্বারা নালা নির্মাণ/সংস্কার, নর্দমা খনন এবং সংরক্ষণ।
- ০৫। ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহ মেরামত/উন্নয়ন।
- ০৬। সেনিটোরি ল্যাট্রিন নির্মাণসহ জনস্বাস্থ্য এবং পরিবেশ উন্নয়নকল্পে জনহিতকর কার্য সম্পাদন।
- ০৭। গ্রামীণ যাতায়াত ব্যবস্থার সুবিধার্থে বাঁশ/কাঠের সাঁকো নির্মাণ।
- ০৮। এ বরাদ্দের নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) দ্বারা আধুনিক ও উন্নত শিক্ষা সম্প্রসারণে সহায়তার জন্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ হিসেবে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহকরণ।
- ০৯। ব্যক্তি মালিকানাধীন ঋ বিরোধপূর্ণ জমিতে প্রকল্প / স্বীকৃত গ্রহণ করা যাবে না। সমপূর্ণ নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জমির প্রাপ্যতা সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট জমির মালিকানা/ওয়ারিশন, ইউপি চেয়ারম্যানের প্রত্যয়নপত্র এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিশ্রুতিরসহ প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।
- ১০। প্রকল্পের কাজের প্রারম্ভিক ছবি ও বাস্তবায়ন কাজ সম্পন্ন করনের ছবি এবং প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ নির্দিষ্ট সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্পের মোট বরাদ্দের ১০০% পর্যন্ত নগদায়ন করিয়া জনগুরুত্বপূর্ণ বিভিন্ন



সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে 'ক্রোজড সার্কিট ক্যামেরা স্থাপন' করন প্রকল্প গ্রহণ করা যাবে।

১১। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্পের মোট বরাদ্দের ১০০% পর্যন্ত নগদায়ন করিয়া বর্ষের ফলে নির্মিত রাস্তার মাটি যাহাতে সরিয়া যাইতে না পারে তাহার জন্য রাস্তার উভয় দিকে পাকা ওয়াল (রাস্তার উচ্চতার সমান অথবা যেই উচ্চতায় করিলে মাটি ধরিয়া রাখা সম্ভব সেই উচ্চতা পর্যন্ত) প্রটেকশন ওয়াল নির্মাণ কাজে ব্যয় করা যাবে।

১২। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়াসহ এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন / বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে নগদ অর্থ ছাড় করা হবে।

১৪। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্পের গ্রামীণ রাস্তার তাল গাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

১৫। প্রাকৃতিক বজ্রপাত জনীত দুর্যোগে ক্ষয়-ক্ষতি রোধে বজ্র নিরোধক দণ্ড/যন্ত্র (Lightning Arrester) ও ছাউনী স্থাপন করা যাবে।

১৬। মাটির কাজের ক্ষেত্রে প্রতি প্রকল্পের জন্য সর্বনিম্ন বরাদ্দ হইবে ০১ (এক) মে:টন চাউল, অথবা ১.৫০ (এক দশমিক) মে:টন গম অথবা সমমূল্যের নগদ টাকা।

১৭। নিরীক্ষার জন্য মাষ্টাররোল, মাপবহি, বিল ভাউচার যথারীতি দাখিল ও সংরক্ষণ করতে হবে।



(সোহেল রানা)

উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

২৯/০৯/২০২১

তারিখ: ২৯.০৯.২০২১খ্রি।

প্রাপক: চেয়ারম্যান.....ইউনিয়ন,
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

স্মারক নং ৫১.০১.১৯১৫.০০০.৪২.০০৪.২১-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা কুমিল্লা - ০৫।

২। জেলা প্রশাসক, কুমিল্লা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।

৫। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

৬। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।